

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩৪

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৯. মুসলিম এবং মুশরিকের মীরাছ সম্পর্কে

# باب فِي مِيرَاتِ أَهْلِ الشِّرْكِ وَأَهْلِ الْإِسْلَامِ

#### আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ دَاؤُدَ عَنْ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ قَالَ كَانَ مُعَاوِيَةُ يُورِّثُ الْمُسْلِمِ قَالَ قَالَ مَسْرُوقٌ كَانَ مُعَاوِيَةُ يُورِّثُ الْمُسْلِمِ قَالَ قَالَ مَسْرُوقٌ وَلَا يُورِّثُ الْكَافِرَ مِنْ الْمُسْلِمِ قَالَ قَالَ مَسْرُوقٌ وَمَا حَدَثَ فِي الْإِسْلَامِ قَضَاءٌ أَحَبُّ إِلَيَّ مِنْهُ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَقُولُ بِهَذَا قَالَ لَا

#### বাংলা

৩০৩৪. মাসরুক (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু মুসলিমকে কাফিরের ওয়ারিস বানাতেন, তবে কোনো কাফিরকে মুসলিমের ওয়ারিস বানাতেন না। তিনি (বর্ণনাকারী) বলেন, মাসরুক (রহঃ) বলেন, এর চেয়ে ইসলামের মধ্যে আর কোনো নতুন ফায়সালা বা রায় আমার নিকট এত প্রিয় নেই।[1]

আবূ মুহাম্মদ (দারিমী) কে জিজ্ঞাসা করা হলো, আপনার মতও কি তাই? তিনি বলেন, না।

### ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত তবে মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে মাসরুকের বর্ণনা আমরা জানতে পারিনি। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/৩৭৪ নং ১১৪৯৭; সাঈদ ইবনু মানসুর নং ১৪৫, ১৪৭ (অপর সহীহ সনদে)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন